



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্রেস বিজ্ঞপ্তি

০৪ জুলাই ২০২২

### বাউবিতে দিনব্যাপী হেপাটাইটিস-বি ভ্যাক্সিনেশন কর্মশালা



হেপাটাইটিস-বি ভ্যাক্সিনেশন কর্মশালায় বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসের বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে ০৪ জুলাই ২০২২, রবিবার ইনসেপ্টা ভ্যাকসিন লিমিটেডের উদ্যোগে হেপাটাইটিস-বি, ফু ও টাইফয়েড প্রতিরোধে দিনব্যাপী সচেতনতামূলক কর্মসূচিসহ ভ্যাক্সিনেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিন অধ্যাপক ডা. সরকার মো. নোমান এর সভাপতিত্বে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথির বক্তব্যে বলেন, স্বাস্থ্য ভাল থাকলে পারিবারিক ও সামাজিক জীবনে সুখে থাকা যায়। খাদ্য অভ্যাস, চলাফেরা এবং রোগ প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন থাকার আহ্বান জানান। একই সাথে নির্দিষ্ট সময়ে বাউবি পরিবারসহ সকলকে হেপাটাইটিস-বি সহ অন্যান্য রোগ প্রতিষেধক ভ্যাকসিনও গ্রহণ করার পরামর্শ দেন। হাসপাতালের বর্জ্য ও সিরিঞ্জ ব্যবহারের পর সেটা ধ্বংস করতে মনিটরিং বাড়ানো উচিত বলেও মন্তব্য করেন তিনি।

কর্মশালায় আরো উপস্থিত ছিলেন বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও ইনসেপ্টা ভ্যাকসিন লিমিটেডের পরামর্শক এবং শাহাবউদ্দিন মেডিকেল কলেজ ও হাসপাতালের সাবেক অধ্যক্ষ ডা. এসএমএ খালেদ। ইনসেপ্টা ভ্যাকসিন লিমিটেড ও হেলথ কেয়ারের সৌজন্যে বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির আয়োজনে দিনব্যাপী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারসহ প্রায় শতাধিক সদস্য এ কর্মশালায় অংশ নেন। সবশেষে হেপাটাইটিস বি এবং ভ্যাক্সিনেশন সম্পর্কিত সচেতনতামূলক একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। সঞ্চালনায় ছিলেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির শিক্ষক ডা. মোহাম্মদ হাবিবুর রহমান।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)  
পরিচালক (ভারপ্রাপ্ত)